



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০০৩.২৪.১৮৮

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩০

০৩ মার্চ ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ৯৯৯/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৯৯৯/২০২৪-এর ০১/০২/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর (জে. এম শাখা)-এর গত ২৯/০১/২০২৪ খ্রি. তারিখের ০৫.১২.২৯০০.০২২.২৯.০০২.২৪-৭৩ সংখ্যক স্মারকাদেশে ফরিদপুর জেলার সদরপুর উপজেলাধীন বাইশরশি ফরিদপুর স্পিনিং মিল মাঠ ও সংলগ্ন মাঠে জাকের পার্টি কর্তৃক পবিত্র বিশ্ব ইসলামী সম্মেলন/২০২৪ আয়োজনের অনুমতি প্রদান করা হয়। ফলে পিটিশনার জনাব মাহফুজুল হক সংস্কৃদ্ধ হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৯৯৯/২০২৪ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ তর্কিত বিষয়ে ০৩(তিন) মাসের স্থিতাবস্থা বজায় রাখার আদেশ দেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং এবং জেলা প্রশাসক, ফরিদপুর-কে ২নং প্রতিপক্ষসহ মোট নয় জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৯৯৯/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই সেট পত্র প্রাপ্তির অনধিক ১৫(পনের) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8476/potrojariAttachmentRef/53095/0/2240)

৪-৩-২০২৪

পুরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০০৩.২৪.১৮৮/১(৪)

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩০

০৩ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ২) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



৪-৩-২০২৪

পূর্বী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)